

চরফ্যাশন, ভোলা। তারিখ ৪ মে, ২০১৯।

বিষয়: ঘূর্ণিঝড় ফণী কোস্ট ট্রাস্টের কর্মএলাকায় ক্ষতিগ্রস্তের সংক্ষিপ্ত বিবরণ।

**চট্টগ্রাম :** ভাটিয়ারিতে কিছু পানি উঠেছে। এ ছাড়া অন্যান্য জায়গায় বড় ধরণের কোন ক্ষয়ক্ষতি হয়নি বলে জানান আরপিঁ জনাব মোঃ ফিরোজ খান।

**বৃহস্পৰ নোয়াখালী (নোয়াখালী, ফেনি, লক্ষ্মীপুর) :** নোয়াখালীর সুবর্ণ চরে চরজবার ইউনিয়নের চর আমিনুল হক নামক গ্রামটি লন্ডভড হয়ে গেছে। শনিবার ভোর ৪টায় এক থেকে দেড় মিনিটের মধ্যে শতাধিক ঘড়-বাড়ি বিধ্বস্ত হয়েছে। এতে ঘরচাপা পড়ে ইসমাইল হোসেন (২) শিশু নিহত হয়েছে। এছাড়াও আহত হয়েছে আরও ৩০-৩৫ জন। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্ত করা হয়েছে।

**ভোলা মূল ভুখণ্ড :** ঘূর্ণিঝড় ফণীর আঘাতে শনিবার ভোলা সদর উপজেলায় প্রায় শতাধিক কাঁচা ঘর-বাড়ি বিধ্বস্ত হয়েছে, ভোলা সদর উপজেলার দক্ষিণ দিঘলদী এলাকায় আশ্রয় কেন্দ্রে যাওয়ার সময়ে ঘরচাপা পড়ে রানু বেগম (৫৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। নিহত রানী বেগম স্বামী সামছল হক। ৮ নং ওয়াডের বেড়িবার্ধে বাসিন্দা ছিল। মৃত ব্যক্তির পরিবারকে কোস্ট ট্রাস্ট ৫০০০.০০ টাকা তাৎক্ষণিক অনুদান প্রদান করে। এছাড়াও দক্ষিণ দিঘলদী ইউনিয়নের বালিয়া ও কোড়ালিয়া গ্রামের দু শতাধিক ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। উপজেলা নির্বাহি কর্মকর্তা এবং জেলা প্রশাসক স্পট ভিজিট করেছেন। এবং নিহত পরিবারকে আর্থিক সহায় আশ্঵াস দিয়েছেন। তাছাড়া ক্ষতিগ্রস্তদের তালিকা ও তৈরা করা হচ্ছে তিনি জানান। ক্ষতিগ্রস্তদের মাঝে ভোলা মাননীয় জেলা প্রশাসকের নির্দেশক্রমে অদ্য (০৪.০৫.১৯) কোস্ট ট্রাস্ট ১০০০ লোককে দুপুরের খাবারের পেকেট বিতরণ করে।



ভোলার দিঘলদী ক্ষতিগ্রস্ত এলাকার দশ্য

দৌলতখান উপজেলার মদনপুর এলাকায় বড়ে ২০টি ঘর বিধ্বস্ত হয়েছে। আজ ভোরের দিকে ঘূর্ণিঝড় ইউনিয়নের ঢাড়ি বাড়ি, পাটওয়ারী বাড়ি, সরদার বাড়িসহ বেড়িবার্ধের শতাধিক ঘর উড়িয়ে নিয়ে গেছে।

কোন ধরণের ক্ষয়ক্ষতি হয়নি। আমাদের সমিতি পর্যায়ে কোন ধরণের ক্ষয়ক্ষতি হয়নি জানান আরপিঁ জনাব মোঃ আব্দুর রব।

**ভোলা চরাঞ্চল :** চরজহির উদ্দিন, চরমোজাম্বেল, মনপুরা, চর্নিজাম, ঢালচর, চরকুকরী-মুকরী, চরপাতিলা কয়েকটি চরে ঘর-বাড়ি ও গাছের ডাল ভেঙ্গে পড়ে প্রায় ১০-১৫ জন আহত হয়েছে। ঢালচর ইউনিয়নের পশ্চিম ঢালচর নিম্নমাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি লম্বভুক্ত হয়ে গেছে। ঢালচর ও কুকরী-মুকরীতে স্বাভাবিক জোয়ারের চেয়ে ২-৩ ফুট পানি উঠেছে। সাইক্লোন শেল্টারের পর্যাপ্ত না থাকায় এবং মুজিব কিল্লা না থাকায় জনদুর্ভোগ বেড়েছে।

আমাদের সমিতি পর্যায়ে কোন ধরণের ক্ষয়ক্ষতি হয়নি জানান আরপিসি জনাব মোঃ আনোয়ার হোসেন।



ভোলা ঢালচর এলাকার ক্ষতিগ্রস্ত এলাকার দৃশ্য

### বরিশাল :

বরগুনা পাথরঘাটা উপজেলায় প্রচণ্ড ঝড়ে বাতাসে কাঠের ঘর ভেঙ্গে পড়ে দাদি ও নাতিনের মৃত্যু হয়েছে। শুরুবার দিবাগত রাত আড়াইটার সময়ে। উপজেলা চরদুয়ানি ইউনিয়নের দক্ষিণ চরদুয়ানি গ্রামের বাধ্য ঘাট গ্রামের এলাকায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, নূরজাহান (৬০) ও তার নাতি জাহিদুর (৯)। আমাদের সমিতি পর্যায়ে কোন ধরণের ক্ষয়ক্ষতি হয়নি জানান আরপিসি জনাব মোঃ ফারুক হোসেন।



পাথরঘাটা বিধ্বস্ত একাংশ



পাথরঘাটা নিহত পরিবারের আহাজারি

### কক্সবাজার:

কক্সবাজারে ফর্ণির বড় ধরণের কোন ক্ষতিগ্রস্তেও খবর পাওয়া যায় নি। তবে কুতুবদিয়ার আলীআকবর ডেইলের ২০ টি গ্রাম জোয়ারের পানিতে প্লাবিত হয়। উক্ত এলাকার জনগণ গন স্বাস্থ্য কেন্দ্র ও সাইক্লোন শেল্টারে আশ্রয় নিয়েছেন। এখানে

দুই শতাধিক ঘরবাড়ি বিদ্ধস্ত হয় এবং কয়েকশ একর লবণের জমি তলিয়ে যায় এতে প্রায় কয়েক হাজার মেট্রিক টন লবণ জোয়ারের পানিতে ভেসে যায়।

#### কোস্ট কর্তৃক জরুরি ত্রাণ কার্যক্রম:

১. সংগৃষ্ট জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করে যেখানে যেখানে ত্রাণ দরকার সেখানে কোস্ট ট্রাস্ট জরুরিভিত্তিতে সংস্থার নিজস্ব তহবিল থেকে প্রয়োজনীয় ত্রাণ বিতরণ করবে।
২. কোন পরিবারের যদি কেউ মারা যেয়ে থাকে তাহলে সে পরিবারকে তাৎক্ষনিক ভাবে ৫০০০.০০ টাকা অনুদান হিসেবে প্রদান করা হবে।

আবহাওয়ার আপটেড লিংক:

<http://coastbd.net/%E0%A6%AE%E0%A7%8B%E0%A6%82%E0%A6%B2%E0%A6%BE-%E0%A6%93-%E0%A6%AA%E0%A6%BE%E0%A7%9F%E0%A6%B0%E0%A6%BE-%E0%A6%8B%E0%A6%AE%E0%A7%81%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A6-2/>

<http://coastbd.net/%E0%A6%9A%E0%A6%80%E0%A6%AB%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%8B%E0%A6%A8%E0%A6%A8%E0%A7%87%E0%A6%80-%E0%A6%A2%E0%A6%BE%E0%A6%82%E0%A6%9A%E0%A6%80%E0%A7%87-%E0%A6%86%E0%A6%8B%E0%A7%8D%E0%A6%80%E0%A7%9F%E0%A6%95/>

<http://coastbd.net/%E0%A6%AE%E0%A7%8B%E0%A6%82%E0%A6%B2%E0%A6%BE-%E0%A6%93-%E0%A6%AA%E0%A6%BE%E0%A7%9F%E0%A6%B0%E0%A6%BE-%E0%A6%8B%E0%A6%AE%E0%A7%81%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A6/>

<http://coastbd.net/coast-preparedness-and-alerts-for-cyclone-fani/>

প্রস্তুতকারী : মোসাম্মৎ রাশিদা বেগম